



# বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



স্মারক নং: ১৬.০৬.০০০০.০০০.০০.০২।.২০-৯৯

তারিখ: ৩০.০৪.২০২০খ্রি:

**বিষয়:-করোনা ভাইরাস দুর্যোগ মোকাবেলা কার্যক্রম সমন্বয় ও আক্রান্ত মৃত বৌদ্ধ ধর্মাবলম্বী ব্যক্তির সৎকার সম্পর্কে  
প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে করোনা ভাইরাস দুর্যোগ মোকাবেলা কার্যক্রম সমন্বয় ও ভাইরাসে আক্রান্ত হয়ে মৃত বৌদ্ধ ধর্মাবলম্বী ব্যক্তিদের  
সৎকার সম্পর্কে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণের জন্য জন্য অনুরোধ করা হলো:

- ১। জেলায় দায়িত্বপ্রাপ্ত সম্মানিত ট্রাস্টি বা তাঁর প্রতিনিধি করোনা ভাইরাস দুর্যোগ মোকাবেলা কার্যক্রম সমন্বয় করবেন  
এবং করোনা আক্রান্ত মৃত বৌদ্ধ ধর্মাবলম্বী ব্যক্তিবর্গের সৎকারে সংশ্লিষ্ট বৌদ্ধ ভিক্ষু ও মৃত ব্যক্তির সৎকারের জন্য  
নিয়োজিত পেশাদার ব্যক্তি বা স্বেচ্ছাসেবক দ্বারা সৎকার করার সুবিধা আছে এখনগের শর্শানে জেলা প্রশাসকের  
সাথে পরামর্শক্রমে নির্ধারণ করবেন। ইতোমধ্যে জেলা প্রশাসক কর্তৃক কোন শশান নির্ধারণ করা থাকলে তা ব্যবহার  
করতে হবে।
- ২। হাসপাতালে বা বাড়িতে করোনা ভাইরাসে আক্রান্ত মৃত বৌদ্ধ ধর্মাবলম্বী ব্যক্তির মরদেহ নির্ধারিত নিকটবর্তী শশানে  
সৎকার করতে হবে।
- ৩। মরদেহ পরিবহনের ক্ষেত্রে জেলার সংশ্লিষ্ট ট্রাস্টি বা তাঁর প্রতিনিধি কোন বৌদ্ধ ধর্মাবলম্বী ব্যক্তির করোনায় মৃত্যুর  
সংবাদ পাওয়ার পরই জেলা প্রশাসকের সাথে যোগাযোগ করে মরদেহ পরিবহনের জন্য সরকারি অ্যাম্বুলেন্সের ব্যবস্থা  
করবেন।
- ৪। বৌদ্ধ ধর্মীয় নিয়মরীতি ও প্রথা অনুযায়ী সংকারের জন্য সংশ্লিষ্ট বৌদ্ধ ভিক্ষুর দক্ষিণ-পাথেয়, প্রয়োজনীয় উপকরণসহ  
জালানির ব্যবস্থা মৃত ব্যক্তির আঞ্চীয়-স্বজনগণ অসমর্থ হলে বা সৎকারের স্থলে অনুপস্থিত থাকলে জেলার দায়িত্বে  
সম্মানিত ট্রাস্টি উপস্থিত মৃতের আঞ্চীয় বা স্বেচ্ছাসেবক, যিনি বা যাঁরা সৎকারের সার্বিক দায়িত্ব সম্পর্ক করবেন তাঁকে  
প্রয়োজন অনুযায়ী সর্বোচ্চ ৭০০০/- (সাত হাজার) টাকা আর্থিক সহায়তা প্রদান করবেন।
- ৫। জেলার দায়িত্বে সংশ্লিষ্ট সম্মানিত ট্রাস্টি জরুরী বিবেচনায় পরিবহণ ও সৎকার করার জন্য প্রয়োজনীয়(স্থিরকৃত) অর্থ  
নিজ থেকে তাৎক্ষণিকভাবে প্রদান করতে পারবেন। পরবর্তীতে ট্রাস্ট তহবিল হতে এ অর্থ পরিশোধ করা হবে।  
সম্মানিত ট্রাস্টির সুপারিশ অনুযায়ী বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের সচিব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৬। ট্রাস্ট তহবিল হতে প্রাপ্ত অর্থ এবং সম্মানিত ট্রাস্টি কর্তৃক প্রদত্ত সকল অর্থ ব্যয়ের ভাড়ার এবং করোনা মৃত বৌদ্ধ  
ধর্মাবলম্বীর মৃত্যুর সনদসহ পরবর্তীতে সমন্বয় করে ট্রাস্ট অফিসে প্রেরণ করতে হবে।
- ৭। করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে বৌদ্ধ ধর্মাবলম্বীর মরদেহ সৎকারের বিষয়ে জেলার সংশ্লিষ্ট ট্রাস্টি বা ট্রাস্টি কর্তৃক  
মনোনিত ব্যক্তি জেলা প্রশাসনের সাথে সর্বদা সমন্বয় সাধন করবেন।
- ৮। জেলার সংশ্লিষ্ট ট্রাস্টি বা ট্রাস্টি কর্তৃক মনোনিত ব্যক্তি জেলা প্রশাসনের সাথে যোগাযোগ করে মরদেহ পরিবহণ এবং  
সৎকারে সাথে সংশ্লিষ্ট ব্যক্তি ও স্বেচ্ছাসেবকদের জন্য প্রয়োজনীয় সংখ্যক পিপিই সংগ্রহ এবং প্রশিক্ষণের ব্যবস্থা  
গ্রহণ করবেন।
- ৯। করোনা ভাইরাসে আক্রান্ত বৌদ্ধ ধর্মাবলম্বীর মরদেহ সৎকারে সরকারি নির্দেশনা অনুসরণ করতে হবে।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে নির্দেশনা অনুযায়ী এ পত্র জারি করা হলো।

জ্যৈষ্ঠ ৩০১৪  
২০২০

জয় দত্ত বড়ুয়া

সাচিব

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।

বিতরণ: (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

- ১) জেলা প্রশাসক (সকল)।
- ২) মি. সুপ্ত ভূষণ বড়ুয়া, সম্মানিত ভাইস-চেয়ারম্যান ( ঢাকা, কুমিল্লা, নোয়খালী, ফেনী, লক্ষ্মীপুর, সিলেট ও উত্তরবঙ্গ)।  
বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

চলমান পাতা - ২

ঠিকানা: ধর্মরাজিক বৌদ্ধ বিহার কমপ্লেক্স, অতিশ দীপক্ষর সড়ক, সবুজবাগ, বাসাবো, ঢাকা-১২১৪

ফোন : ৮৮-০২-৭২৭২৬৪৭, ৭২৭৭৫৬০, ই-মেইল : brwt2010@gmail.com, ওয়েব : [www.brwt.gov.bd](http://www.brwt.gov.bd)



# বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



-২-

- ৩) মি. দয়াল কুমার বড়ুয়া, সম্মানিত ট্রাস্টি (চট্টগ্রাম-দক্ষিণ জেলা)-এর প্রতিনিধি শ্রীমৎ এস. লোকজিৎ থের, অধ্যক্ষ, চান্দগাঁও সার্বজনীন শাক্যমুনি বৌদ্ধ বিহার, চান্দগাঁও, চট্টগ্রাম।
- ৪) মিসেস বাসন্তি চাকমা এম.পি, সম্মানিত ট্রাস্টি (খাগড়াছড়ি পার্বত্য জেলা)-বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট,
- ৫) মি. দীপক বিকাশ চাকমা, সম্মানিত ট্রাস্টি (রাঙামাটি পার্বত্য জেলা)-বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা
- ৬) মি. মং ক্য চিং চৌধুরী, সম্মানিত ট্রাস্টি (বান্দরবান পার্বত্য জেলা)-বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা
- ৭) মি. খে মংলা রাখাইন, সম্মানিত ট্রাস্টি (বরগুনা, পটুয়াখারী ও বরিশাল জেলা)-বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- ৮) এড. দীপৎকর বড়ুয়া পিন্টু, সম্মানিত ট্রাস্টি (কক্সবাজার জেলা), বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- ৯) মি. ডালিম কুমার বড়ুয়া, সম্মানিত ট্রাস্টি (চট্টগ্রাম-উত্তর জেলা), বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- ১০) অফিস ফাইল, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

স্মারক নং: ১৬.০৬.০০০০.০০০.০০.০২১.২০-৯৯

তারিখ: ৩০.০৮.২০২০খ্রি

অবগতির জন্য প্রেরণ:

- ১) অতিরিক্ত সচিব (সংস্থা), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
( মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩) মাননীয় সচিব -এর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
( মাননীয় সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

*Mujib 100th 2020*  
জয় দত্ত বড়ুয়া  
সাচৰ  
বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।